



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT - BENGALI ANSWER WORKSHEET - 25

DATE - 18.12.2020

Topic - বোধ - পরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একবার এক শেয়াল এক সিংহের সাথে জুটি বাঁধল। ঠিক হল সিংহ যেমন বলবে, শেয়াল তার কথা অনুসারে চলবে। যার যার ক্ষমতা আর গুণ অনুসারে তারা নিজেদের কাজ ভাগ করে নিল। শেয়াল শিকার খুঁজে বার করে সিংহকে দেখিয়ে দিত। সিংহ তখন জন্তুটার উপর ঝাঁপিয়ে পড়ে সেটাকে শিকার করত। চলছিল ভালই। কিন্তু আস্তে আস্তে শেয়ালের হিংসে হতে থাকল। শিকারের বেশীটাই সিংহের পেটে যায়। শেয়াল একদিন জানিয়ে দিল যে, সে আর সিংহের জন্য শিকার খুঁজে দিতে পারবে না। আর তার নিজের শিকার সে নিজেই জোগাড় করে নেবে। পরের দিন সেই শেয়াল বেড়া টপকে একদল ভেড়ার ভেতর থেকে একটা ভেড়াকে উঠিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করল। কিন্তু ভেড়ার পাহারায় থাকা শিকারী আর তার শিকারী কুকুরদের পাল্লায় পড়ে সে নিজেই তাদের শিকার বনে গেল।

১) বাক্য রচনা করো।

ক) জুটি - আমি আমার দাদার সাথে জুটি বেঁধে ফুটবল খেলতে যাই।

খ) শিকারী - আমার দাদু খুব ভালো শিকারী ছিলেন।

২) শূন্যস্থান পূরণ করো।

ক) একবার এক শেয়াল এক সিংহের সাথে জুটি বাঁধল।

খ) ঠিক হল সিংহ যেমন বলবে, শেয়াল তার কথা অনুসারে চলবে।

৩) ঠিক বা ভুল লেখো।

ক) সিংহ শিকার খুঁজে বার করে শেয়ালকে দেখিয়ে দিত।

ভুল

খ) শিকারের বেশীটাই সিংহের পেটে যায়।

ঠিক

৪) উত্তর লেখো।

ক) শেয়াল একদিন সিংহকে কী জানিয়ে দিয়েছিল?

উঃ শেয়াল একদিন জানিয়ে দিল যে, সে আর সিংহের জন্য শিকার খুঁজে দিতে পারবে না। আর তার নিজের শিকার সে নিজেই জোগাড় করে নেবে।

খ) শেয়ালের এবং সিংহের কাজ কী ছিল?

উঃ শেয়াল শিকার খুঁজে বার করে সিংহকে দেখিয়ে দিত এবং সিংহ তখন জন্তুটার উপর ঝাঁপিয়ে পড়ে সেটাকে শিকার করত।